গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন -২ শাখা
www.sid.gov.bd

নং:-৫২.০০.০০০০.০০৬.২৩.৭০৩.১৯-৯১৮

তারিখ: ৩০ বৈশাখ ১৪২৬ / ১৩ মে ২০১৯

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের "কর্ম পরিকল্পনা" নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

(ক) সভাপতি : জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী,সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(খ) সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ, বি-ব্লক ।
(গ) তারিখ ও সময় : ১৩ মে ২০১৯, সোমবার , বেলা: ২.৩০ ঘটিকা।
(ঘ) সভার উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক।

০২। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবগত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত এ বিভাগের কর্মপরিকল্পনা ১৫ মে ২০১৯ তারিখের মধ্যে জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক এর বরাবরে প্রেরণ করতে হবে বিধায় এ সভা আহবান করা হয়েছে। গতকাল ১২-০৫-২০১৯ তারিখ এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে সভা অনুষ্ঠিত হয়েছে। সেখানে এ বিভাগের সচিব মহোদয় উপস্থিত ছিলেন। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ তাদের অভিমত ব্যক্ত করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা গৃহীত হয়:

| ক্রম: | কর্মসূচি | বাস্তবায়নকাল |
|---|---|---|
| ১ | জাতির পিতার জন্মশতবার্ষিকী-কে স্বাগত জানিয়ে ডিসেম্বর ২০১৯ সালে পরিসংখ্যান ভবনে ডিজিটাল ডিসপ্লে প্রদর্শন | ১৬ ডিসেম্বর ২০১৯ |
| ২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন | ১৭ মার্চ ২০২০ |
| ৩ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জাদুঘরে 'বঙ্গবন্ধু' কর্ণার স্থাপন | ১৭ মার্চ ২০২০ |
| ৪ | বঙ্গবন্ধুর জীবন ও মুক্তিযুদ্ধভিত্তিক লাইট এন্ড সাউন্ড শো/লেজার শো এর আয়োজন | ১৭ মার্চ ২০২০ |
| ৫ | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বছরব্যাপী রচনা প্রতিযোগিতা, চিত্রাংকন প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, কবিতা আবৃত্তি, প্রবন্ধ, উপস্থাপনা এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন | মার্চ ২০২০ হতে (৬ মাস অন্তর) |
| ৬ | বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক লিফলেট প্রচার | মার্চ ২০২০ থেকে শুরু |
| ৭ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন | ২৬ মার্চ ২০২০ |
| ৮ | মুজিব নগর দিবস উদযাপন | ১৭ এপ্রিল ২০২০ |
| ৯ | বঙ্গবন্ধু কর্তৃক পরিসংখ্যান বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো গঠন এ দুটি প্রতিষ্ঠানের অতীত, বর্তমান ও ভবিষ্যত সম্পর্কে ডকুমেন্টারি তৈরি | মে ২০২০ |
| ১০ | স্বাধীনতা পূর্ববর্তী সময় এবং স্বাধীনতার পর অর্থাৎ বর্তমানের আর্থ সামাজিক অবস্থানের তুলনামুলক পরিসংখ্যান প্রস্তুতি | জুন ২০২০ |
| ১১ | পরিসংখ্যান ভবনে স্থাপিত বঙ্গবন্ধুর সুবিস্তৃত ও সুন্দর মূর‍্যাল এর চারিদিকে সৌন্দর্য বর্ধন | জুলাই ২০২০ |

চলমান পাতা-২

পূর্ব পৃষ্ঠার পর:

| ক্রম: | কর্মসূচি | বাস্তবায়নকাল |
|---|---|---|
| ১২ | জাতীয় শোক দিবস উদযাপন | ১৫ আগস্ট ২০২০ |
| ১৩ | পরিসংখ্যান দিবস জাতীয়ভাবে উদযাপন | ২৬ আগস্ট ২০২০ |
| ১৪ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন | ১০ জানুয়ারি ২০২১ |
| ১৫ | বঙ্গবন্ধুর জীবনী ডিসপ্লে বোর্ডে প্রদর্শন করা এবং বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা সভার আয়োজন | মার্চ ২০২০ হতে মার্চ ২০২১ পর্যন্ত |
| ১৬ | SID এবং BBS-এর ওয়েব পোর্টালে বঙ্গবন্ধু কর্ণারের ব্যবস্থা করা | মার্চ ২০২০ হতে মার্চ ২০২১ পর্যন্ত |
| ১৭ | বাংলাদেশের স্বাধীনতার পর থেকে বর্তমান সময় পর্যন্ত সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডসহ বিভিন্ন স্থাপনা,নির্মাণ এবং বিজ্ঞান ও তথ্য প্রযুক্তিগত অর্জন ইত্যাদি প্রদর্শনের ব্যবস্থা করা | মার্চ ২০২১ |
| ১৮ | ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উদযাপন | ০৭ মার্চ ২০২১ |
| ১৯ | ২০২১ সালে অনুষ্ঠিতব্য জনশুমারীতে ১৭ মার্চ কে শুমারি রেফারেন্স তারিখ ধার্য করে শুমারি কাজ পরিচালনা করা | ১৭ মার্চ ২০২১ |
| ২০ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন ও জন্মশত বার্ষিকীর সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন | ১৭ মার্চ ২০২১ |

০৪। উল্লেখিত কর্মপরিকল্পনা সুচারুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত দু'টি কমিটির গঠন করা হলো:

৪.১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি:

ক. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ - সভাপতি
খ. অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ - সদস্য
গ. মহাপরিচালক,বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো - সদস্য
ঘ. যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ - সদস্য
ঙ. উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ - সদস্য
চ. মো.রফিকুল ইসলাম, উপসচিব, প্রশাসন অধিশাখা-১ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ - সদস্য সচিব

কার্যপরিধি: ১। কমিটি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুচারুরুপে উদযাপনের সকল প্রকার দিক নির্দেশনা প্রদান করবে।

২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

চলমান পাতা-৩

পূর্ব পৃষ্ঠার পর:

৪.৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি:

| | |
|---|---|
| ক. অতিরিক্ত সচিব (প্রশাসন),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | - আহ্বায়ক |
| খ. উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | - সদস্য |
| গ. যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | - সদস্য |
| ঘ. উপসচিব,বাজেট,আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | - সদস্য |
| ঙ. উপসচিব, প্রশাসন অধিশাখা-১/৩,পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | - সদস্য |
| চ. সিনিয়র সহকারী সচিব, আইন শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | - সদস্য |
| ছ. জনাব মো. দিলদার হোসেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | - সদস্য সচিব |

কার্যপরিধি:

১। কমিটি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা সুচারুরূপে বাস্তবায়ন করবে।

২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৫। অতিক্তি সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন' এর ফোকাল পয়েন্টের দায়িত্ব পালন করবেন এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন) বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

০৬। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:/১৩-০৫-২০১৯
(সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং:-৫২.০০.০০০০.০০৬.২৩.৭০৩.১৯-৯১৮

তারিখ: ৩০ বৈশাখ ১৪২৬ / ১৩ মে ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ড.কামাল আবদুল নাসের চৌধুরী,প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৫ম তলা) ১/ক, সেগুনবাগিচা,ঢাকা-১০০০।

২। সচিব,পরিকল্পনা বিভাগ,পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলানগর,ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

৪। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ই-২৭/এ, আগারগাঁ,ঢাকা-১২০৭।

৫। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ই-২৭/এ, আগারগাঁ,ঢাকা-১২০৭।

৬। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়,শেরে বাংলানগর,ঢাকা।

চলমান পাতা-৪

পূর্ব পৃষ্ঠার পর:

৮। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। পরিচালক (সকল),বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ই-২৭/এ,আগারগাঁ,ঢাকা-১২০৭।
১০। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১১। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৩। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৪। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১৫। উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।


সৌমিত্র কুমার পাল
সহকারী সচিব
ফোন:৫৫০০৭৩৮৩